**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-07-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রশ্নপত্র ফাঁসের ঘটনার তদন্তে ফাস্ট–ট্র্যাক আদালত গঠনে কেন্দ্রীয় মন্ত্রীসভায় খসড়া বিল অনুমোদন।**

**(২) প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস ৫০টি মিনি মোবাইল ভেটেরিনারি ইউনিট চালু করেছেন।**

**(৩) আজ উল্টোরথের মধ্যে দিয়ে সমাপ্তি হবে ৯ দিনব্যাপী রথযাত্রা উৎসব।**

**(৪) সিপাহীজলা জেলাভিত্তিক সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতা সম্পন্ন।**

*******************************

**PM :**

প্রশ্নপত্র ফাঁসের ঘটনার তদন্তের লক্ষ্যে আজ কেন্দ্রীয় মন্ত্রীসভায় ফাস্ট–ট্র্যাক আদালত গঠনের জন্য খসড়া বিল অনুমোদন করা হয়েছে। সংসদ ভবনে অনুষ্ঠিত মন্ত্রিসভার এই বৈঠকে পৌরহিত্য করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই খসড়া বিলটি আগামী সপ্তাহেই সংসদে পেশ করা হতে পারে। এদিকে, গতকাল রাতে এক ভিডিও বার্তায় তিনি বলেছেন, প্রশ্নপত্র ফাঁসের পর থেকে গত আড়াই মাসে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। দোষীদের গ্রেপ্তার করে কারাগারে পাঠানো হয়েছে। শিক্ষার্থীদের যাতে একটি শিক্ষাবর্ষ নষ্ট না হয়, তা নিশ্চিত করাই সরকারের প্রধান দায়িত্ব। তিনি বলেন, প্রশ্নপত্র ফাঁস কোনো সামান্য বিষয় নয় এবং এটি লক্ষ লক্ষ শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের জন্য অত্যন্ত বেদনাদায়ক।

#######Byte-PM#######

*****************************

**Fast Track Court :**

কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা এবং ডঃ জিতেন্দ্র সিং আজ নয়াদিল্লিতে প্রধান বিচারপতির প্রতিনিধিদলের সঙ্গে দেখা করেছেন। বৈঠকের পর সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী নাড্ডা বলেন যে, বৈঠকে তাঁরা পরীক্ষা পদ্ধতির সংস্কার সংক্রান্ত প্রধান বিচারপতির দাবিগুলি ধৈর্য সহকারে শুনেছেন। শ্রী নাড্ডা বলেন, প্রধান বিচারপতি তিনটি প্রধান দাবি পেশ করেছেন এবং পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধ করার জন্য কিছু সংস্কারের পরামর্শও দিয়েছেন।

এদিকে, কেন্দ্রীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু আজ বলেছেন, পরীক্ষায় অসদুপায় রোধে একটি কঠোর বিল আনতে যেন কোনো বিলম্ব না হয়, সে বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জোর দিয়েছেন। শিক্ষার্থীদের ভবিষ্যৎ সুরক্ষিত করতে সরকার গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছে।

****************************

**Fast Track Court-PM :**

প্রশ্নফাঁস রুখতে ফাস্ট ট্র্যাক আদালত গঠন এবং অপরাধীদের কঠোর শাস্তির লক্ষ্যে সংসদে নতুন খসড়া বিল আনার বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আশ্বাসের পর, ২৬ দিন পর অনশন প্রত্যাহার করলেন সোনম ওয়াংচুক। কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা এবং জিতেন্দ্র সিংহের উপস্থিতিতে নেওয়া এই পদক্ষেপকে স্বাগত জানিয়ে সোনম দেশবাসীকে শান্ত থাকার অনুরোধ করেছেন।

শিক্ষা ব্যবস্থার সংস্কার এবং প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে জবাবদিহির দাবিতে শ্রী ওয়াংচুক গত মাসের ২৮ তারিখ থেকে এই অনশন শুরু করেছিলেন।

******************************

**Sudhanshu Das :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ আগরতলার প্রজ্ঞাভবনে ৫০টি মিনি মোবাইল ভেটেরিনারি ইউনিট অর্থাৎ মিনি এম্বুলেন্স পরিষেবা চালু করেছেন। এই এম্বুলেন্সগুলি রাজ্যের ৫০টি ব্লকে পৌছে দেওয়া হবে। মন্ত্রী শ্রী দাস জানিয়েছেন, এই অ্যাম্বুলেন্সগুলি প্রাণীদের সুরক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যে সমস্ত প্রাণীপালকরা তাদের পশুপাখি চিকিৎসা কেন্দ্রে নিয়ে যেতে অপারগ তারা ১৯৬২ এই টোল ফ্রি নাম্বারে ফোন করলেই প্রাণী চিকিৎসকরা নির্দিষ্ট স্থানে পৌঁছে যাবেন এবং প্রাণীদের চিকিৎসা প্রদান করবেন।

**************************

**Delhi Police :**

দিল্লি পুলিশ জানিয়েছে, সামাজিক মাধ্যমে অপপ্রচার ও গুজব ছড়ানোয় পাকিস্তান-ভিত্তিক ৪৮০টি সোশ্যাল মিডিয়া হ্যান্ডেল শনাক্ত করে ব্লক করা হয়েছে। এই সোশ্যাল মিডিয়া হ্যান্ডেলগুলো ছাত্রছাত্রী ও যুবকদের বিভ্রান্ত করার জন্য গুজব এবং মিথ্যা দাবি ছড়াচ্ছিল। দিল্লি পুলিশ জনগণকে কোনো তথ্য বিশ্বাস করার বা শেয়ার করার আগে তা যাচাই করে নেওয়ার জন্য অনুরোধ করেছে।

**************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সন্ধ্যায় ধর্মনগর টাউন কালীবাড়িতে রথযাত্রা কার্নিভালের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে যোগ দেন। কালিবাড়ী থেকে তিনি রথের সুসজ্জিত শোভাযাত্রা দেখেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Ulto RathYatra :**

আজ উল্টোরথের মধ্যে দিয়ে সমাপ্তি হবে ৯ দিনব্যাপী রথযাত্রা উৎসব। বিকেলে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকনের উদ্যোগে আগরতলার পূর্বাশা প্রাঙ্গন থেকে এবং আশ্রম চৌমুহনীর ইসকন হরেকৃষ্ণ মন্দির থেকে ভগবান জগন্নাথ, বলরাম ও শুভদ্রা দেবীর বিগ্রহ নিয়ে সুসজ্জিত রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মন্দিরে ফিরে গেছে।

বাইখোড়া, জোলাইবাড়ি, বিলোনিয়া সহ দক্ষিণ জেলার বিভিন্ন স্থানে আজ উল্টো রথের আয়োজন করা হয়।

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-

এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে। ফোনলাইন আজ পর্যন্ত খোলা থাকবে।

**************************

**Ex DGP Case :**

প্রাক্তন পুলিশ মহানির্দেশক অনুরাগের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আজ এস.পি পর্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছেন রাজ্যের ভারপ্রাপ্ত পুলিশ মহানির্দেশক জি এস রাও। মামলার তদন্ত করবেন পশ্চিম জেলার পুলিশ সুপার নমিত পাঠক। তাঁকে সহযোগিতা করবেন অতিরিক্ত পুলিশ সুপার ধ্রুব নাথ এবং সাব ইনস্পেক্টর শুভজিৎ দেব। এই মামলায় পুলিশ সুপার ক্রাইম ব্রাঞ্চ ও সাইবার ক্রাইম ইউনিটের সাহায্য নিতে পারবেন।

**************************

**Disaster Emergency Responder Kits :**

ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে আজ কৈলাশহর সার্কিট হাউসে এক অনুষ্ঠানে ২১০ জনকে আপদা মিত্র এবং সিভিল ডিফেন্সের স্বেচ্ছাসেবককে বিপর্যয় মোকাবিলার জন্য ব্যবহৃত সামগ্রী তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন। অতিরিক্ত জেলাশাসকগণ যথাক্রমে অর্ঘ্য সাহা ও সাগর শোভন দেবনাথ, কৈলাশহরের SDM শান্তিময় দেববর্মা প্রমুখ।

**************************

**MBBS :**

সরকার মেডিকেল কলেজে স্নাতক এবং স্নাতকোত্তর আসন সংখ্যা বৃদ্ধি করেছে। আজ লোকসভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল জানান, ২০১৪ সালে দেশে মেডিকেল কলেজ ছিল ৩৮৭টি। বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ৮৪৪টি। এই সময়ের মধ্যে স্নাতক আসন ৫১ হাজার

৩৪৮ থেকে বেড়ে ১ লক্ষ ৩৯ হাজার ৪৮৯ এবং স্নাতকোত্তর আসন ৩১ হাজার ১৮৫ থেকে বেড়ে ৮৬ হাজার ৩৬০ হয়েছে।

*****************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব শৈব তীর্থ ঊনকোটির ঐতিহাসিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, যথাযথ রক্ষণাবেক্ষণ এবং পর্যটন পরিকাঠামো বিকাশের বিষয়টি আজ লোকসভায় উত্থাপন করেন। ঊনকোটির ভাস্কর্য ও শিল্পকর্মের সংরক্ষণ এবং ক্যাফেটেরিয়া নির্মাণে বিশেষ উদ্যোগ গ্রহণ করায় কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতকে শ্রী দেব ধন্যবাদ জানান।

*************************

**SM Cup Football–Sonamura :**

সিপাহীজলা জেলা ভিত্তিক সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতা আজ সোনামুড়ার স্পোর্টিং এসোসিয়েশন মাঠে অনুষ্ঠিত হয়। জেলার অন্তর্গত সোনামুড়া, বিশালগড় ও জম্পুইজলা মহকুমা থেকে অনূর্ধ ১৫ বালক বিভাগ এবং অনূর্ধ্ব ১৭ বালিকা বিভাগ মিলিয়ে মোট ৮টি দল অংশগ্রহন করে। জেলা পর্যায়ের চ্যাম্পিয়ান দলগুলি আগামী ২৮ তারিখ রাজ্যস্তরীয় প্রতিযোগিতায় অংশগ্রহন করবে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস।

***************************